দৈনিক খবর

23 AUG 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

14

# তিন বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল বৃহস্পতিবার দেশের তিনটি বোর্ডের এইচএসসি পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণভাবে শুরু হয়। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডে কিছু কেন্দ্রে সর্বমোট ৩৪৯ জন পরীক্ষার্থীর বহিষ্কার হবার কথা জানা গেছে। এর মধ্যে যশোর বোর্ডে ৭৫ জন, ঢাকা বোর্ডে ২৩৬ জন ও রাজশাহীর নীলফামারী কেন্দ্রে ৩৭ জন রয়েছে।

যশোর বোর্ডের কন্ট্রোলার তৈয়বুর রহমান জানান, যশোর বোর্ডে শান্তিপূর্ণভাবে পরীক্ষা শুরু হয়েছে। তেমন গোলমালের খবর পাওয়া যায়নি। তিনি জানান, যশোর বোর্ডে এবার সর্বমোট ১৩৮টি কেন্দ্র রয়েছে।

২-এর পাতায় দেখুন

## তিন বোর্ডের এইচএসসি

প্রথম পৃষ্ঠার পর

এর মধ্যে ১২৮টি কেন্দ্র ও ১০টি উপকেন্দ্র রয়েছে। তিনি জানান, ৩০/৩২ কেন্দ্রের খবর পাওয়া গেছে। ১৭টি কেন্দ্রে ৬৪ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়। এর মধ্যে কুষ্টিয়া ইসলামিয়া কলেজ কেন্দ্রেই রয়েছে ২৩ জন। বাদবাকী কেন্দ্রে ২/৩ জন করে। তিনি জানান, এবার প্রশ্নপত্র ভালো হয়েছে। গতকাল [illegible] প্রথম ও দ্বিতীয় পত্র। প্রায় ছাত্রই 'কমন' পেয়েছে। পরীক্ষাজনিত কারণে কোনো গ্রেফতার হয়নি বলেও তিনি জানান। যশোর বোর্ডের কন্ট্রোলার গতকাল যশোর ক্যান্টনমেন্ট কলেজ কেন্দ্র, ঝিকরগাছা, নাভারন, সাতক্ষীরা সিটি কলেজ, তালা সরকারী কলেজসহ বিভিন্ন কেন্দ্র পরিদর্শনে যান।

খুলনা থেকে খবরের নিজস্ব প্রতিনিধি মকবুল হোসেন মিন্টু জানান, যশোর বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষার প্রথম দিনে আজ খুলনার বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রয়েছে সিটি কলেজ কেন্দ্র থেকে ১ জন, সুন্দরবন কলেজ কেন্দ্র থেকে ১ জন, বিএল কলেজ কেন্দ্র থেকে ৩ জন, দৌলতপুর (দিবা-নৈশ) থেকে ৬ জন ও পাইওনিয়ার মহিলা কলেজ থেকে ১ জন। খুলনা মহানগরীর ১২টি পরীক্ষা কেন্দ্রে ৫ হাজার ৮'শ' ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৫ হাজার ৬'শ' ১৮ জন আজ পরীক্ষার প্রথম দিনে অংশ নেয় এবং ২'শ' ৫৯ জন অনুপস্থিত থাকে।

### ঢাকা বোর্ড

ঢাকা বোর্ডের কন্ট্রোলার মোঃ ইউনুস দেওয়ান জানান, ঢাকা বোর্ডে গতকাল শান্তিপূর্ণভাবে পরীক্ষা নেয়া হয়েছে। কোথাও কোনরূপ অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। বোর্ডের মোট কেন্দ্রের সংখ্যা ১৫৮টি। এর মধ্যে ১২টি জেলায় সর্বমোট ২'শ' ৩৬ জনের বহিষ্কার হবার খবর তিনি জানান। তিনি বলেন, সম্পূর্ণ খবর এখনও আমাদের হাতে এসে পৌছেনি। এর মধ্যে যেগুলোর খবর পেয়েছেন জেলাওয়ারী সেগুলো হচ্ছেঃ গাজীপুর ৫৬ জন, শেরপুর ৫ জন, ঢাকা ৪ জন, নরসিংদী ১১ জন, মুন্সীগঞ্জ ১০ জন, মানিকগঞ্জ ৮ জন, ময়মনসিংহ ৯২ জন, কিশোরগঞ্জ ৪ জন, জামালপুর ১৫ জন, টাঙ্গাইল ৬ জন, মাদারীপুর ১৬ জন, রাজবাড়ী ৩ জন ও শরিয়তপুর ৯ জন।

### গাজীপুর

গাজীপুর সংবাদদাতা লুৎফর রহমান জানান, গাজীপুর জেলার ৮টি কেন্দ্রের মধ্যে ৬টি কেন্দ্র থেকে ৫৬ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়।

কেন্দ্রগুলো হচ্ছে কাজী আজীম উদ্দীন কলেজ কেন্দ্র থেকে ২ জন, টঙ্গী কলেজ কেন্দ্র থেকে ২ জন, কাপাসিয়া কেন্দ্র থেকে ১০ জন, শ্রীপুর কেন্দ্র থেকে ৮ জন, কালীগঞ্জ থেকে ১৭ জন, ভাওয়াল-জামালপুর থেকে ১৭ জন।

### শেরপুর

শেরপুর থেকে খবরের নিজস্ব সংবাদদাতা মোঃ শরিফুর রহমান জানান, গতকাল উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শেরপুর সরকারী কলেজ, শেরপুর সরকারী মহিলা কলেজ ও ডাক্তার সেকেন্দর আলী মহাবিদ্যালয় এই তিনটি কেন্দ্রে মোট ৭'শ' ৩১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৫ জনকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়। এদের মধ্যে ৩ জন ডাক্তার সেকেন্দর আলী মহাবিদ্যালয় ও ২ জন শেরপুর সরকারী কলেজের পরীক্ষার্থী।

### রাজশাহী বোর্ড

টেলিফোন বিভাগের অসহযোগিতার কারণে গতকাল বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত রাজশাহী বোর্ডের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। ফলে ঐ বোর্ডের পরীক্ষা কিরূপ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হলো এবং কতজন বহিষ্কার হয়েছে এ তথ্য নেয়া যায়নি। তবে খবরের সৈয়দপুর সংবাদদাতা বাবুল কুমার টেলিফোনে জানান, নীলফামারী জেলার ৪টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের জন্য ৩৭ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রয়েছে ডোমার কলেজে ২ জন, জলঢাকায় ৪ জন, সৈয়দপুর কলেজে ১ জন ও কিশোরগঞ্জে ৩০ জন।